

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন-১ অধিশাখা  
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র।

৪৬.০২০.০০৪.০১.০০.৯১৪.২০১৬-৪০৫১


তারিখ : ২৫/১১/১৬

বিষয় : রীট পিটিশন নং-৭৬১৬/২০১৬, বাদী- শামিমা স্বাধীন, স্বামী-মুহিবুর রহমান চৌধুরী, ৩৫, আলমটুল পোঃ, সিলেট-১৯ নং-ওয়ার্ড সিলেট সিটি কর্পোরেশন, ধানা-কোতয়ালী, উপজেলা-সদর, জেলা-সিলেট-বনাম-সরকার ও অন্যান্য।

সিলেট সিটি কর্পোরেশনের আওতায় নির্বাচনের ৭নং ওয়ার্ডের কাউন্সিলর পদে মনোনয়নপত্র বাতিলের বিরুদ্ধে আপীল দায়েরর আদেশকে চ্যালেঞ্জ করে বিষয়ে উল্লিখিত বাদী বাংলাদেশ সরকারের সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং অন্যান্যদের প্রতিপক্ষ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ৭৬১৬/২০১৬ নং রীট মামলাটি দায়ের করেন। বাদী কর্তৃক দাখিলকৃত রীট মামলায় মহামান্য আদালত শোকজ প্রদান পূর্বক প্রতিপক্ষগণকে জবাব প্রদান করার জন্য রুলনিশি জারী করেছে। মহামান্য আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে সরকার পক্ষে মামলা প্রতিদ্বন্দ্বিতাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতঃ দফাওয়ারী জবাব এ বিভাগে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।

  
(মোঃ ইশান আলী রাজা বাঙালী)  
উপসচিব  
ফোন-৯৫৪০৯৯৫।  
Email-ishanaliraja@gmail.com

১। জেলা প্রশাসক  
সিলেট।

২। জেলা নির্বাচন অফিসার  
সিলেট।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। বিভাগীয় কমিশনার, সিলেট।
- ২। উপসচিব (সিটি কর্পোরেশন-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।